

## প্রেস বিজ্ঞপ্তি

আজ ৩০ অগাস্ট কয়েকটি বাংলা দৈনিক পত্রিকায় প্রকাশিত ৫-৬ মে ২০১৩ হেফাজতে ইসলামের সমাবেশে মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় অধিকার এর প্রাথমিক তথ্যানুসন্ধানে ৬১ জন নিহতের তালিকা সম্পর্কে যে প্রতিবেদন ছাপা হয়েছে তা অধিকার এর দৃষ্টিগোচর হয়েছে। অধিকার পরস্পরবিরোধী, অসত্য ও বিভ্রান্তিকর এই প্রতিবেদন প্রত্যাখান করছে। প্রাথমিক তথ্যানুসন্ধানের ওপর ভিত্তি করে অধিকার কর্তৃক প্রস্তুতকৃত নিহতদের তালিকাবহির্ভূত অনেক নামই পত্রিকাগুলোর প্রকাশিত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। এমনকি অধিকার এর প্রতিবেদনের বরাত দিয়ে যে তিনজন জীবিত আছে বলে দাবি করা হয়েছে তারা অধিকার এর প্রস্তুতকৃত তালিকাতেই নেই।

অধিকার ইতিমধ্যে জাতিসংঘ এবং চারটি জাতীয় ও আন্তর্জাতিক মানবাধিকার সংগঠনকে নিহতদের প্রাথমিক তালিকা সরবরাহ করেছে, সে সমস্ত সংগঠনগুলোকে সুষ্ঠু ও সংবেদনশীল তদন্তের মাধ্যমে এ বিভ্রান্তি দূর করার আহবান জানাচ্ছে অধিকার। একই সঙ্গে অধিকার আবারও সরকারের কাছে একটি গ্রহণযোগ্য নিরপেক্ষ তদন্ত কমিশন গঠন করার এবং অধিকার এর সেক্রেটারি এডভোকেট আদিলুর রহমান খানের মুক্তির জোর দাবি জানাচ্ছে।

বার্তা প্রেরক

এএসএম নাসির উদ্দিন এলান

পরিচালক